



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ



স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.২২.৪১৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮

০১ মার্চ ২০২২

বিষয়: ‘এক দেশ এক রেট’-এ ইন্টারনেট ব্যান্ডউইথ নিশ্চিত প্রয়োজনীয় ট্যারিফের অনুমোদন গ্রহন সংক্রান্ত (সময় বৃদ্ধি)।

সূত্র: ১. বিটিআরসি’র স্মারক নং- ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.১৯.৯৩২, তারিখঃ ১১ নভেম্বর ২০২১।

২. বিটিআরসি’র স্মারক নং- ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.১৯.৬, তারিখঃ ১১ জানুয়ারি, ২০২২।

উপরোক্ত বিষয় ও সূত্রস্ব পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের ‘নির্বাচনী ইশতেহার ২০১৮’ এর প্রতিশ্রুতি- “ইন্টারনেট ও মোবাইল ব্যবহারের মূল্য যুক্তিসঙ্গত পর্যায়ে নামিয়ে আনা হবে” বাস্তবায়নের জন্য একটি বাস্তবসম্মত এবং গ্রাহক বান্ধব ইন্টারনেট ট্যারিফ প্রণয়নে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুমোদনক্রমে সূত্রস্ব-১ পত্রের মাধ্যমে সারা দেশের জন্য ‘এক দেশ এক রেট’ ট্যারিফ এবং ট্যারিফের সহিত সেবা ও সেবার মান নিশ্চিত প্রয়োজনীয় ‘Penalty’ শর্তসহ Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদণ্ড নির্ধারণে ‘Grade of Service (GoS)’ প্রদান করা হয়েছে।

২। উক্ত জারীকৃত ট্যারিফের শর্তানুযায়ী সকল ISP প্রতিষ্ঠানকে বিটিআরসি হতে প্রতিটি প্যাকেজ এবং উক্ত প্যাকেজের জন্য ট্যারিফ অনুমোদন নেবার বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ্য, সূত্রস্ব-২ নং পত্রের মাধ্যমে সকল ISP-দের গত ২০/০১/২০২২ তারিখের মধ্যে বিটিআরসি হতে প্রয়োজনীয় ট্যারিফের অনুমোদন গ্রহনের জন্য অনুরোধ করা হলেও অনেক ISP প্রতিষ্ঠান এখন পর্যন্ত প্রয়োজনীয় ট্যারিফ গ্রহনের জন্য আবেদন করেননি।

৩। এমতাবস্থায়, জারীকৃত ট্যারিফের শর্তানুযায়ী সকল ISP প্রতিষ্ঠানকে শেষবারের মত সময় বৃদ্ধি করে আগামী ২০/০৩/২০২২ তারিখের মধ্যে বিটিআরসি হতে প্রয়োজনীয় ট্যারিফের অনুমোদন গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বর্ণিত তারিখের মধ্যে প্রয়োজনীয় ট্যারিফের অনুমোদন গ্রহন না করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে অপারেশনাল কার্যক্রম বন্ধের নির্দেশসহ বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহন করতে কমিশন বাধ্য হবে।

৬-৩-২০২২

মোঃ নাহিদুল হাসান

উপ-পরিচালক

ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১

ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

বিতরণ :

১) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর, সকল ISP প্রতিষ্ঠান।


২) সভাপতি, আইএসপিএবি (ইহা সকল সদস্যদের বিতরণ এবং নির্দিষ্ট তারিখের মধ্যে ট্যারিফ অনুমোদন গ্রহনের বিষয়টি নিশ্চিতকরনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.২২.৪১৯/১(৬)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮  
০১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ২) সিনিয়র সহকারী পরিচালক (ভাইস চেয়ারম্যান দপ্তরে সংযুক্ত), ভাইস চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৩) সহকারী পরিচালক (মহাপরিচালক এসএস এর দপ্তরে সংযুক্ত), সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৫) সহকারী পরিচালক (মহাপরিচালক এলএল এর সাথে সংযুক্ত), লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন



৬-৩-২০২২

মোঃ মশিউর রহমান

সিনিয়র সহকারী পরিচালক